

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওয়াদার বাস্তবতা (تحقيق الموعد)

বস্তুতঃ এটাই ছিল সেই ওয়াদার বাস্তবতা, যে বিষয়ে আল্লাহ বলেছিলেন,

لَقَدْ نَصَرَكُمُ اللهُ فِيْ مَوَاطِنَ كَثِيْرَةٍ وَيَوْمَ حُنَيْنِ إِذْ أَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْئًا وَضَاقَتْ عَلَيْكُمُ الْأَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَيْتُهُ مَدُبْرِيْنَ ـ ثُمَّ أَنْزَلَ اللهُ سَكِيْنَتَهُ عَلَى رَسُوْلِهِ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَأَنْزَلَ جُنُوْدًا لَمْ تَرَوْهَا وَعَذَّبَ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَيْتُهُ عَلَى مَنْ يَشَاءً وَاللهُ غَفُوْرٌ رَحِيْمً ـ (التوبة - ٥٤ الَّذِيْنَ كَفَرُواْ وَذَلِكَ جَزَاءُ الْكَافِرِيْنَ ـ ثُمَّ يَتُوْبُ اللهُ مِنْ بَعْدِ ذَلِكَ عَلَى مَنْ يَشَآءُ وَاللهُ غَفُوْرٌ رَحِيْمً ـ (التوبة - ٥٤ الرَّهُ عَلَى مَنْ يَشَآءُ وَاللهُ غَفُوْرٌ رَحِيْمً ـ (التوبة - ٥٤) -

'আল্লাহ তোমাদের সাহায্য করেছেন অনেক স্থানে, বিশেষ করে হোনাইনের দিন। যখন তোমাদের সংখ্যাধিক্য তোমাদের গর্বিত করেছিল। কিন্তু তা তোমাদের কোনই কাজে আসেনি। বরং প্রশস্ত যমীন তোমাদের জন্য সংকীর্ণ হয়ে গিয়েছিল। ফলে তোমরা পিঠ ফিরে পালিয়ে গিয়েছিলে' (২৫)। 'অতঃপর আল্লাহ স্থীয় প্রশান্তি নাযিল করেন তাঁর রাসূল ও মুমিনদের উপর এবং নাযিল করেন এমন সেনাদল, যাদের তোমরা দেখোনি এবং কাফেরদের তিনি শান্তি প্রদান করেন। আর এটি ছিল তাদের কর্মফল' (২৬)। আল্লাহ যাকে ইচ্ছা করেন, তওবার তাওফীক দেন। বস্তুতঃ আল্লাহ অতীব ক্ষমাশীল ও দয়াবান' (তওবাহ ৯/২৫-২৭)।

শেষোক্ত আয়াতে যে তওবার কথা বলা হয়েছে, তাতে ইঙ্গিত রয়েছে মুসলিম পক্ষের পলায়নকারীদের প্রতি এবং ইঙ্গিত রয়েছে শত্রুপক্ষের তরুণ নেতা মালেক বিন 'আওফ ও তার সাথীদের প্রতি, যারা পরে সবাই ইসলাম কবুল করে ফিরে আসেন। - ফালিল্লাহিল হাম্দ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5616

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন